

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা কার্যালয়

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

নান্দাইল, ময়মনসিংহ

doict.nandail.mymensingh.gov.bd



স্মারক নম্বর: ৫৬.০৪.৬১৭২.০০০.২৫.০০১.২০.৩২

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৯

১২ সেপ্টেম্বর ২০২২

বিষয়: ই-নথি সিস্টেমের মাধ্যমে পত্র গ্রহণ এবং পত্র প্রেরণ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন প্রসঙ্গে

সূত্র: ময়মনসিংহ জেলার জুলাই/২০২২ খ্রি. মাসের জেলা আইসিটি কমিটি বিষয়ক সভার কার্যবিবরণী, স্মারক নম্বরঃ ৫৬.০৪.৬১০০.০০০.০৬.০০১.১৯.৫, তারিখঃ ১১ আগস্ট ২০২২

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে আইসিটি বিভাগের এটুআই প্রোগ্রামের সহযোগিতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং মন্ত্রিপরিষদ বিভাগ বিভিন্ন সরকারি অফিসসমূহে ই-নথি সিস্টেম বাস্তবায়ন করছে। ই-নথি বাস্তবায়কারী অফিসসমূহ যেকোনো স্থান থেকে নাগরিকগণকে দ্রুততম সময়ে সেবা প্রদান করতে সক্ষম হচ্ছে যা সর্বমহলে বহুল প্রশংসিত হচ্ছে।

২। সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এর ১৫(১)(ক), ১৫(১)(গ), ১৫(৬) এবং ১৬ নম্বর নির্দেশনাসমূহে ই-নথি বাস্তবায়নের সুস্পষ্ট নির্দেশনা প্রদানসহ ইলেক্ট্রনিক পদ্ধতিতে পত্র গ্রহণ এবং পত্র প্রেরণ কার্যক্রমকে অগ্রাধিকার প্রদানের সুস্পষ্ট অনুশাসন রয়েছে। এছাড়াও প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১, জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২, অভিযোগ প্রতিকার ব্যবস্থা নির্দেশিকা-২০১৫ এবং জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮-এ ই-নথি কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। তাছাড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতেও (এপিএ) ই-নথি ব্যবহারের বাধ্যবাধকতা রয়েছে। ফলে সকল সরকারি দপ্তরে ই-নথির ব্যবহার ত্বরান্বিত করা আবশ্যিক।

৩। বর্তমানে নান্দাইল উপজেলায় ১১ (এগারটি) অফিসে ই-নথি লাইভ সার্ভারে এবং ০৯ (নয়টি) অফিসে ই-নথি ট্রেনিং সার্ভারে কার্যক্রম চলমান রয়েছে। পর্যায়ক্রমে উপজেলা পর্যায়ের সকল অফিসসমূহে ই-নথি সিস্টেম বাস্তবায়ন করা হবে। ই-নথি লাইভ সার্ভারের অফিসসমূহঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা পরিষদ, উপজেলা ভূমি অফিস, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মহিলা বিষয়ক অফিস, উপজেলা সমবায় অফিস, উপজেলা সমাজসেবা অফিস, উপজেলা কৃষি অফিস এবং উপজেলা প্রাণী সম্পদ অফিস। ই-নথি ট্রেনিং সার্ভারের অফিসসমূহঃ উপজেলা মৎস্য অফিস, উপজেলা যুব উন্নয়ন অফিস, উপজেলা রিসোর্স সেন্টার, উপজেলা নির্বাচন অফিস, উপজেলা আনসার ও ভিডিপি অফিস, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, উপজেলা বিআরডিবি অফিস এবং জাতীয় মহিলা সংস্থা।

৪। ই-নথি সিস্টেম ব্যবহার করে খুব সহজেই তাৎক্ষণিকভাবে সিস্টেম থেকে পত্রজারি করা যায়। ই-নথি সিস্টেমের মাধ্যমে পত্র জারি করা হলে একদিকে যেমন দ্রুততম সময়ে পত্রজারি করা যায় অন্যদিকে সরকারি অর্থ এবং শ্রমের সাশ্রয় হয়। এমনকি ই-নথি সিস্টেম ব্যবহার শুরু করেনি এমন অফিসও এই সিস্টেম থেকে ই-মেইলে সহজে পত্রজারি করা যায়। ই-নথি সিস্টেমে পত্রজারি এবং কার্যক্রম পরিচালনা সংক্রান্ত যে কোন সমস্যায় নিম্ন স্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করা যেতে পারে।

৫। এমতাবস্থায়, আপনার কার্যালয়ে ই-নথি সিস্টেমের মাধ্যমে পত্র গ্রহণ এবং পত্র প্রেরণ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করে নাগরিকসেবা প্রদানের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশের কার্যক্রমে গতিসঞ্চারের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

বিশেষভাবে অনুরোধ করা হলো।



১২-৯-২০২২

মোহাম্মদ আবুল মনসুর
উপজেলা নির্বাহী অফিসার

ফোন: ০২৯৯৬৬৭৪৬৩৩

ফ্যাক্স: ০৯০২৯৬৪১০৭

ইমেইল: unonandail@mopa.gov.bd

বিতরণ :

- ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ
- ২) সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস, নান্দাইল, ময়মনসিংহ
- ৩) উপজেলা কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নান্দাইল, ময়মনসিংহ
- ৪) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহ
- ৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, নান্দাইল, ময়মনসিংহ
- ৬) উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিস, নান্দাইল, ময়মনসিংহ
- ৭) উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহ
- ৮) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহ
- ৯) উপজেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় অফিস, নান্দাইল, ময়মনসিংহ

স্মারক নম্বর: ৫৬.০৪.৬১৭২.০০০.২৫.০০১.২০.৩২/১(১৬)

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৯
১২ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
- ২) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ময়মনসিংহ
- ৩) উপজেলা কর্মকর্তা (সকল), নান্দাইল, ময়মনসিংহ
- ৪) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫) অফিস নথি



১২-৯-২০২২
মোঃ রাকিবুল হাসান
সহকারী প্রোগ্রামার